ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৭২
আগরতলা, ৭ নভেম্বর, ২০২৩

**সাংবাদিক সম্মেলনে পরিবহনমন্ত্রী**

**পরিবহন দপ্তরে এখন থেকে সরকারি লেনদেন ক্যাশলেস হবে**

রাজ্যের পরিবহন দপ্তরে সরকারি লেনদেন এখন থেকে ক্যাশলেস হবে। পরিবহন ক্ষেত্রে ক্যাশলেস পদ্ধতি চালু হওয়ায় সরকারি কাজে স্বচ্ছতাও আসবে। তাছাড়া সরকারি রাজস্ব সংগ্রহও বৃদ্ধি পাবে। আজ সচিবালয়ের কনফারেন্স হলে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী ভার্চুয়ালি রাজ্যের ৮ জেলার জেলা পরিবহন দপ্তরে ক্যাশলেস লেনদেন পদ্ধতির উদ্বোধন করে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে পরিবহনমন্ত্রী আরও জানান, এতে জনসাধারনও উপকৃত হবেন। সম্প্রতি পশ্চিম ত্রিপুরা জেলা পরিবহন অফিসে ভারতীয় স্টেট ব্যাঙ্কের সহযোগিতায় পরীক্ষামূলকভাবে ডিজিটাল লেনদেন ব্যবস্থার সূচনা করা হয়। এই উদ্যোগের অঙ্গ হিসেবে ২০২৩ সালের আগস্ট মাস থেকে রাজ্যের সবকটি জেলার ট্রান্সপোর্ট অফিসগুলিতে ক্যাশলেস লেনদেন ব্যবস্থার পরীক্ষামূলক কাজ চলছিল। আজ আনুষ্ঠানিকভাবে রাজ্যের জেলা ট্রান্সপোর্ট অফিসগুলিতে এই ক্যাশলেস লেনদেন ব্যবস্থা চালু করা হয়েছে। পরিবহনমন্ত্রী জানান, প্রত্যেকটি জেলার পরিবহন কার্যালয়ে পিওএস মেশিনে ও ইউ পি আই পদ্ধতিতে এই ক্যাশলেস ব্যবস্থার সুযোগ জনগণ নিতে পারবেন।

সাংবাদিক সম্মেলনে পরিবহন মন্ত্রী আরও জানান, ২০২২-২৩ অর্থবছরে ক্যাশলেস লেনদেন পরিষেবার সুযোগ না থাকা সত্বেও পরিবহন দপ্তরে ১১৫ কোটি টাকার উপর রাজস্ব আদায় হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা রয়েছে ১২৫ কোটি টাকা। পরিবহন দপ্তরের গত পাঁচ বছরের রাজস্ব আদায়ের পরিসংখ্যান তুলে ধরে তিনি জানান, ২০২২-২৩ অর্থবছরে রাজ্য পরিবহন দপ্তরে মোট ১১৫ কোটি ৬৩ লক্ষ টাকা রাজস্ব জমা পরেছে। ২০২১-২২ এ জমা পরেছে ৯২ কোটি ৮৩ লক্ষ, ২০২০-২১ এ ৮৭ কোটি ৯৩ লক্ষ এবং ২০১৯-২০ তে ৯৭ কোটি ১৪ লক্ষ টাকা রাজস্ব জমা পড়েছে। পরিবহনমন্ত্রী জানান, চলতি অর্থবছরে অক্টোবর মাস পর্যন্ত ৭৩ কোটি ৭৭ লক্ষ টাকা রাজস্ব আদায় হয়েছে।

সাংবাদিক সম্মেলনে পরিবহনমন্ত্রী ভারতে জিজিটাল ট্রানজেকশনের বৈপ্লবিক পরিবর্তনের উপরও আলোকপাত করেন। তিনি জানান, ২০১৪ সালে দেশে নতুন কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ডিজিটাল ট্রানজেকশনের ক্ষেত্রে বিরাট পরিবর্তন এসেছে। ডিজিটাল ট্রানজেকশনের ক্ষেত্রে ভারতের মোট ট্রানজেকশন বিশ্বের চারটি বৃহত্তম দেশ মার্কিন যুক্তরাষ্ট্র, গ্রেট ব্রিটেন, জার্মানি ও ফ্রান্সের চেয়েও বেশি। সারা বিশ্বে সংঘটিত ডিজিটাল ট্রানজেকশনের আনুমানিক ৪৬ শতাংশের বেশী শুধুমাত্র ভারতেই হয়ে থাকে। ২০২২-২৩ অর্থবর্ষে ভারতে মোট ১৩ হাজার ৪৬২ কোটি টাকা ডিজিটাল ট্রানজেকশন হয়েছে। ভারতের সকল শ্রেণীর মানুষের স্বতঃস্ফুর্ত অংশগ্রহনের ফলেই এইসব পরিবর্তন সম্ভব হয়েছে। পরিবহন মন্ত্রী আশা ব্যক্ত করেন, এভাবেই পুরোনো পদ্ধতি থেকে বেরিয়ে এসে রাজ্য তথা দেশ নতুন উন্নত প্রযুক্তি ব্যবহারের দিকে এগিয়ে যাবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন পরিবহন দপ্তরের সচিব ইউ. কে. চাকমা, পরিবহন দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী, পরিবহন দপ্তরের উপ-সচিব মৈত্রী দেবনাথ।

******